গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন সংক্রান্ত জননিরাপত্তা বিভাগের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনলাইনে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ কে এম টিপু সুলতান<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন)<br>জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| তারিখ | : | ২৪ মার্চ ২০২২ |
| সময় | : | দুপুর ০৩.৩০ টা |
| স্থান | : | সভা কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নে জননিরাপত্তা বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ ও রাজশাহী জেলার আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যালয়ের সাথে অনলাইন প্লাটফর্মে যোগদানকৃত অংশীজনসহ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি বলেন, প্রত্যেক দপ্তর ও সংস্থা, আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যালয়সমূহের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়নসহ এ সংক্রান্ত বাস্তাবায়ন অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তর প্রধান বরাবরে প্রেরণ করতে হবে। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিস্তারিত আলোচনা হয়।

২. মন্ত্রিপরিষদ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ মোতাবেক জননিরাপত্তা বিভাগ এবং এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/সংস্থার, আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ৩য় কোয়ার্টার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাসহ দুর্নীতির ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ এবং শুদ্ধাচার পুরস্কার কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপন করা হলে এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আগামী ৪র্থ কোয়ার্টার বাস্তবায়ন অগ্রগতি প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়।

৩. সভায় বিভিন্ন শ্রেণী পেশার সদস্যদের নিয়ে সভা (Stakeholders) আয়োজন সংক্রান্ত আলোচনা হয়। কয়েকটি অধিদপ্তর/সংস্থা নিয়ম অনুসারে Stakeholders আয়োজন করছে না। আওতাধীন দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ক্রমিক নং ১.৩ অনুসারে **"সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা"** দপ্তর/সংস্থায় প্রধানগণের কার্যালয়ে তাদের Stakeholders নিয়ে সভার আয়োজন করতে হবে। উক্ত সভার নোটিশ, কার্যবিবরণী ও হাজিরাশীট মন্ত্রণালয়ে প্রেরণ বিষয়ে আলোচনা হয়। প্রয়োজনে মন্ত্রণালয়ের প্রতিনিধিকে সরাসরি/অনলাইনে সংযুক্ত করার বিষয়ে আলোচনা হয়।

৪. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নে আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যক্রমের অগ্রগতি ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য জেলা প্রশাসক, রাজশাহী এর মাধ্যমে রাজশাহী জেলার বিভিন্ন শ্রেণি পেশার Stakeholders প্রতিনিধিগণকে অনলাইনে জুম মিটিং এ যুক্ত করা হয়। সভাপতি আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যক্রম সম্পর্কে অবগত হন এবং জুম সভায় অংশগ্রহণের জন্য সভাপতি জেলা প্রশাসক, রাজশাহীসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। উপস্থিত Stakeholders গণ শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত পৃথক পৃথক বক্তব্য প্রদান করেন। আঞ্চলিক/মাঠ পর্যায়ের অফিসসমূহে শুদ্ধাচার প্রতিষ্ঠিত হচ্ছে মর্মে Stakeholders'গণ জুম মিটিং এ জানান।

৫. সভায় পুলিশ সুপার, রাজশাহী, বিজিবি, রাজশাহী ব্যাটালিয়ন ১ ও জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী রাজশাহী এর কার্যালয়ে অনুষ্ঠিত অনুষ্ঠিত ২০২১-২০২২ অর্থবছরের ১ম ও ২য় কোয়ার্টার এর Stakeholder'গণের সমন্বয় সভার কার্যবিবরণী ও তদানুসারে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫/০৪/২০২২ তারিখের মধ্যে জননিরাপত্তা বিভাগে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়।

৬. সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা নিয়মিতকরণ এবং কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির বিষয়ে দপ্তর ও সংস্থা, আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যালয় যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

৭. **সিদ্ধান্ত:**

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৭.১ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এর ক্রমিক নং ১.৩ অনুসারে ''সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা" দপ্তর/সংস্থায় প্রধানগণের কার্যালয়ে তাদের (Stakeholder) নিয়ে সভার আয়োজন করবে। প্রয়োজনে মন্ত্রণালয়ের প্রতিনিধিকে অনলাইনে/অফলাইনে সংযুক্ত করবে এবং সভার নোটিশ, কার্যবিবরণী ও হাজিরাশীট মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | জননিরাপত্তা বিভাগ ও অধিদপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ৭.২ | জননিরাপত্তা বিভাগ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ও আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যালয়ের Stakeholders গণের সাথে প্রতি কোয়ার্টারে অনলাইনে/অফলাইনে সভা করতে হবে। | জননিরাপত্তা বিভাগ ও অধিদপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ৭.৩ | দপ্তর/সংস্থাসমূহ এবং এর আওতাধীণ আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের দুর্নীতির ক্ষেত্রসমূহ (Gray Area) চিহ্নিত করে তা দূর করার কার্যকর পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে। | জননিরাপত্তা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ |
| ৭.৪ | জননিরাপত্তা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের জন্য সময়মত প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রশিক্ষণে মন্ত্রণালয় থেকে প্রতিনিধি আহ্বান করতে হবে। | জননিরাপত্তা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ |
| ৭.৫ | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে জননিরাপত্তা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এর ৩য় কোয়ার্টার বাস্তবায়ন অগ্রগতি ১৭ মার্চ ২০২২ তারিখের মধ্যে জননিরাপত্তা বিভাগে প্রেরণ নিশ্চিতসহ নিজ নিজ ওয়েবসাইটে আপলোড করতে হবে। | আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ |
| ৭.৬ | পুলিশ সুপার, রাজশাহী, বিজিবি, রাজশাহী ব্যাটালিয়ন ১ ও জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহীনি, রাজশাহী এর কার্যালয়ে অনুষ্ঠিত ২০২১-২০২২ অর্থবছরের ১ম ও ২য় কোয়ার্টার এর Stakeholder গণের সমন্বয় সভার কার্যবিবরণী ও তদানুসারে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫/০৪/২০২২ তারিখের মধ্যে জননিরাপত্তা বিভাগে প্রেরণ করতে হবে। | জেলা প্রশাসক, রাজশাহী/পুলিশ সুপার, রাজশাহী/ জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রাজশাহী/ বিজিবি, রাজশাহী ব্যাটালিয়ন-১ |

৮.০ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে জননিরাপত্তা বিভাগের কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য সভাপতি Stakeholders'দের অধিকতর নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের অনুরোধ জানান।

৯.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

*স্বাক্ষরিত/০৪/০৪/২০২২*
এ কে এম টিপু সুলতান
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

E:\2022\শুদ্ধাচার\কার্যবিবরণী stake holder 24-03-2022- Copy.docx

নং-৪৪.০০.০০০০.০২১.৯৯.০০৭.২০২২- ১০০

তারিখ: ২১ চৈত্র, ১৪২৮ / ০৪ এপ্রিল ২০২২

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪। মহাপরিচালক, আনসার ও ভিডিপি অধিদপ্তর, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব........................................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৬। সমন্বয়ক, তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৭। পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার, তেজগাঁও, ঢাকা।
৮। জেলা প্রশাসক, রাজশাহী/পুলিশ সুপার, রাজশাহী/ জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রাজশাহী/ বিজিবি, রাজশাহী ব্যাটালিয়ন-১, রাজশাহী।
৯। উপসচিব/সিনিয়র সহকারী সচিব (আইসিটি সেল/ সীমান্ত-৩/আইন-২/পরিকল্পনা-১/পুলিশ-৩/রাজনৈতিক-১/বাজেট-১), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সদস্য- শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ফোকাল পয়েন্ট কমিটি)।
১০। সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা{(সদস্য- শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ফোকাল পয়েন্ট কমিটি) সভার কার্যবিবরণীটি শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের জন্য অনুরোধ করা হলো}।

**অনুলিপি:**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

04/04/2022

আশাফুর রহমান
উপসচিব
ফোনঃ ২২২৩৩৫৪৫৩০
ই-মেইল: admin3@mhapsd.gov.bd

E:\2022\শুদ্ধাচার\কার্যবিবরণী stake holder 24-03-2022- Copy.docx